

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭  
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১৬.১৮.০৩৭.১৯-৬৮০

তারিখঃ ০২/০৮/২০১৯ খ্রি.

**বিষয়:** কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ হতে নাগরিক সেবায় উদ্ভাবনী আইডিয়া সংগ্রহ প্রসংগে।

**সূত্র:** কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৩৭.০৩.০০০০.০১৬.১৮.০৩৭.১৯-২৫৫, তারিখ: ১৪/০৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার নাগরিক সেবা সহজীকরণের নিমিত্ত বিভিন্ন উদ্ভাবনীমূলক কার্যক্রম গ্রহণে উৎসাহিত করছে। এ লক্ষ্যে ২০১৮-২০১৯ অর্থবছরে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ হতে ৫(পাঁচ)টি উদ্ভাবনী আইডিয়া শোকেসিং করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০১৯-২০২০ অর্থবছরে ১০ টি উদ্ভাবনী আইডিয়া শোকেসিং এর পরিকল্পনা রয়েছে।

২। গত ১৪ জুলাই ২০১৯ খ্রি. তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১৬.১৮.০৩৭.১৯-২৫৫ নং মোতাবেক অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠান সমূহ হতে নাগরিক সেবায় উদ্ভাবনী আইডিয়া আহবান করা হয় এবং কিছু প্রতিষ্ঠান হতে উদ্ভাবনী আইডিয়া পাওয়া যায়।

৩। এমতাবস্থায়, নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে কমপক্ষে ০৫(পাঁচ)টি এবং অধিদপ্তরাধীন প্রতিটি প্রতিষ্ঠান হতে কমপক্ষে ৩(তিন)টি উদ্ভাবনী আইডিয়া আগামী ২০/০৮/২০১৯খ্রি: তারিখের মধ্যে অধিদপ্তরের ওয়েবসাইটে উদ্ভাবনী কর্ণারের মাধ্যমে সাবমিট করার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত/-

(মোঃ জাহাঙ্গীর আলম)


পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১৬.১৪.০৩৩.১৯ (পার্ট-২)-

তারিখঃ ১০/৮/২০১৯ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:**

১. পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/ পিআইডব্লিউ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর
২. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা-১২০৮
৩. অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)
৪. অধ্যক্ষ, পলিটেকনিক ও মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)
৫. অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া
৬. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)
৭. সহকারী পরিচালক, শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০ কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ [ তার শাখাসহ সকল কর্মকর্তা-কর্মচারীদের অবগত করার অনুরোধসহ]
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. সংশ্লিষ্ট নথি

  
(ফকির মোহাম্মদ আব্দুল মান্নান)  
সহকারী পরিচালক-৫  
কারিগরি শিক্ষা অধিদপ্তর